রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মংগলবার, মার্চ ১৭, ১৯৯২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

উন্নয়ন ও বাস্তবায়ন শাখা-২

আদেশ

তারিখঃ ১৬ই মার্চ, ১৯৯২ ইং/২রা চৈত্র, ১৩৯৮ বাং

এস, আর, ও নং ৫৯-আইন/৯২/সম(উওবা-২)-৬৪/৯২—Service (Re-Organisation and Conditions) Act, 1975 (XXXIII of 1975) এর Section 4 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ আদেশ জারী করিলেনঃ—

১। **সংক্ষিপ্ত শিরনামা ও প্রবর্তন**—(১) এই আদেশ বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) এবং বাংলাদেশ সিভিল সার্ভিস (সচিবালয়) একীভূতকরণ আদেশ, ১৯৯২ নামে অভিহিত হইবে।

(২) ইহা সরকারী গেজেটে প্রকাশের তারিখে কার্যকর হইবে।

২। **একীভূতকরণের মাধ্যমে নূতন সার্ভিস গঠন**—(১) এই আদেশের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) এবং বাংলাদেশ সিভিল সার্ভিস (সচিবালয়) (অতঃপর যথাক্রমে সাবেক প্রশাসন সার্ভিস ও সাবেক সচিবালয় সার্ভিস বলিয়া উল্লেখিত) এতদ্বারা একীভূত করা হইল।

(২) উক্ত সার্ভিসদ্বয় সমন্বয়ে এতদ্বারা বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) নামে একটি নূতন সার্ভিস (অতঃপর নবগঠিত সার্ভিস বলিয়া উল্লেখিত) গঠন করা হইল।



মূল্য : টাকা ১·০০

৩। **শর্তাবলী**—নব-গঠিত সার্ভিস এর ক্ষেত্রে নিম্নরূপ শর্তাবলী প্রযোজ্য হইবে, যথাঃ—

(ক) সাবেক প্রশাসন সার্ভিস এবং সাবেক সচিবালয় সার্ভিসের সকল কর্মকর্তা নবগঠিত সার্ভিসের সদস্য হইবেন;

(খ) দফা (গ)তে উল্লেখিত পদগুলি ব্যতীত সাবেক সচিবালয় সার্ভিসের অনুমোদিত সকল পদ এবং সাবেক প্রশাসন সার্ভিসের অনুমোদিত সকল পদ নবগঠিত সার্ভিসের পদ হইবে;

(গ) সাবেক সচিবালয় সার্ভিসের নিম্নতম পদ অর্থাৎ সহকারী সচিবের এক-তৃতীয়াংশ এবং উক্ত সার্ভিসের অন্যান্য পদের সরকার কর্তৃক নির্ধারিত অংশ, বাংলাদেশ সিভিল সার্ভিস নিয়োগবিধি, ১৯৮১ অনুসারে, সহকারী সচিব পদে পদোন্নতি পাইবার অধিকারী ব্যক্তিদের জন্য সংরক্ষিত থাকিবে; উক্ত পদগুলি নবগঠিত সার্ভিসের অন্তর্ভুক্ত হইবে না অর্থাৎ পদগুলি ক্যাডার বহির্ভূত পদ হইবে;

(ঘ) সরকার নবগঠিত সার্ভিসের সদস্যগণকে তাহাদের যোগ্যতা, অভিজ্ঞতা, প্রশিক্ষণ ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয় বিবেচনাক্রমে সচিবালয়ে বা সচিবালয়ের বাহিরে যথাযথ পদে নিয়োগ করিতে পারিবে;

(ঙ) এই আদেশ পূর্ণাংগরূপে বাস্তবায়নের উদ্দেশ্যে সরকার কর্তৃক নিযুক্ত কমিটি নবগঠিত সার্ভিসের সদস্যগণের পারস্পরিক জ্যেষ্ঠতাসহ অন্যান্য প্রশাসনিক ও আইনগত বিষয়াবলী বিশদভাবে পরীক্ষা করিয়া প্রয়োজনীয় সুপারিশসহ সরকারের নিকট একটি প্রতিবেদন দাখিল করিবে এবং সরকার উক্ত প্রতিবেদন অনুসারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবে।

৪। **ব্যাখ্যা প্রদান, ইত্যাদিঃ**—এই আদেশ পূর্ণাংগরূপে বাস্তবায়ন না হওয়া পর্যন্ত কোন বিষয়ে ব্যাখ্যা বা এই আদেশে উল্লেখিত হয় নাই এমন কোন বিষয়ে আদেশের প্রয়োজন হইলে সরকার উক্ত ব্যাখ্যা বা প্রয়োজনীয় আদেশ দিতে পারিবে।

৫। **Bangladesh Civil Services (Re-Organisation) Order, 1980 সংশোধনঃ**—অত্র আদেশের অনুচ্ছেদ ২ এর উদ্দেশ্য পূরণকল্পে, Bangladesh Civil Service (Re-Organisation) Order, 1980 নিম্নরূপে অধিকতর সংশোধন করা হইলঃ—

উক্ত Order এর Paragraph ২ এর এন্ট্রী নং (25), B. C. S (Secretariat) পদগুলি ও বন্দনীগুলিসহ বিলুপ্ত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ হাসিনুর রহমান
সচিব।

মোঃ সিদ্দিকুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।